# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৯৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যা বর্ণনা করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ

আরবী

1793 - اخبرنا محمد بن اسحاق بن خزيمة حدثنا يعقوب الدورقي حدثنا هشيم اخبرنا ابو بشر عن سعيد بن جبير عن ابن عباس في قوله: {ولا تجهر بصلاتك ولا تخافت بها} [الاسراء: 110] قال: نزلت ورسول الله صلى الله عليه وسلم مختفي بمكة فكان اذا صلى باصحابه رفع صوته بالقران وكان المشركون اذا سمعوا سبوا القران ومن انزله ومن جاء به فقال الله لنبيه صلى الله عليه وسلم: {ولا تجهر بصلاتك} [الاسراء: 110] اي: بقراءتك فيسمع المشركون فيسبوا القران {ولا تخافت بها} [الاسراء: 110] عن اصحابك فلا تسمعهم {وابتغ بين ذلك سبيلا} [الاسراء: 110].
الراوي : ابن عباس | المحدث : العلامة ناصر الدين الالباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة او الرقم: 1793 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৭৯৩. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, আল্লাহর বাণী, وَلَا تَجْهَرْ بِصَلَاتِكَ وَلَا تُخَافِتْ بِهَا (আপনার সালাতে আওয়াজ উঁচু করবে না, আবার ক্ষীণও করবে করবে না।- সূরা ইসরা: ১১০), আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, আয়াতটি নাযিল হয় এমন অবস্থায় যে সে সময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কায় আত্নগোপনে ছিলেন। অতঃপর যখন তিনি তাঁর সাহাবীদের নিয়ে সালাত আদায় করতেন, তখন সালাতে কুরআন পাঠ উচ্চ আওয়াজে করতেন। আর মুশরিকরা যখন কুরআন পাঠ শুনতো, তখন তারা কুরআন, কুরআন অবতীর্ণকারী এবং কুরআন আনয়নকারী ফেরেস্তাকে গালমন্দ করতো, তখন আল্লাহ তা'আলা তাঁর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলেন, وَلَا تَجْهَرْ بِصَلَاتِكَ (আপনার সালাতে আওয়াজ উঁচু করবে না।- সূরা ইসরা: ১১০) অর্থাৎ কিরা'আতে আওয়াজ এতো উঁচু করবেন না যে, মুশরিকরা শুনে গালমন্দ করতে পারে। وَلَا

تُخَافِتْ بِهَا (আবার আওয়াজ ক্ষীণও করবে না।– সূরা ইসরা: ১১০) অর্থাৎ আপনার কিরা‘আতের আওয়াজ এতোটা ক্ষীণ করবেন না যে, আপনার সাথীরা তা শুনতে পাবে না। وَابْتَغِ بين ذلك سبيلاً (বরং আপনি উভয়ের মধ্যবর্তী পন্থা অবলম্বন করবেন। -সূরা ইসরা: ১১০)।”[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৫৮৭; সহীহ আল বুখারী: ৪৭২২; নাসাঈ: ২/১৭-১৭৮; সহীহ মুসলিম: ৪৪৬; তিরমিযী: ৩১৪৫; আবূ আওয়ানা: ২/১২৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা’লীকাতুল হিসান: ১৭৯৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91009

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন